দৈনিক বাংলা

তারিখ ২১/২/৮১
পৃষ্ঠা ........ কলাম ........

075

# যাঁরা একুশে পদক পেলেন

সরকার ১৯৮১ সালের একুশে পদক দেয়ার জন্যে নির্বাচিত ব্যক্তিদের নাম ঘোষণা করেছেন। সাহিত্য, শিল্পকলা, সাংবাদিকতা এবং শিক্ষা ক্ষেত্রে এ বছর মোট ৯ জনকে একুশে পদক-এ ভূষিত করা হবে। পদকের জন্য নির্বাচিত ব্যক্তিরা হচ্ছেন সাহিত্য—জনাব আবু রুশদ মতিন উদ্দীন, শিল্পকলা—জনাব আমিনুল ইসলাম (চিত্র-শিল্প), জনাব আবদুল হালিম চৌধুরী (সঙ্গীত), জনাব মমতাজ আলী খান (সঙ্গীত), মরহুম জনাব গওহর জামিল-মরণোত্তর (নৃত্য) ও জনাব মোহাম্মদ জাকারিয়া (নাট্য শিল্প), সাংবাদিকতায় মরহুম জনাব জহুর হোসেন চৌধুরী মরণোত্তর ও জনাব ওবায়দুল হক এবং শিক্ষায় ডক্টর মুস্তাফা নূরউল ইসলাম।

প্রতিবছর মহান একুশে ফেব্রুয়ারী উদযাপন উপলক্ষে বিশিষ্ট সাহিত্যিক, শিল্পী, সাংবাদিক ও শিক্ষাবিদকে নিজ নিজ ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের জন্যে সরকার এই পুরস্কার প্রদান করে থাকেন। পুরস্কৃত প্রত্যেককে এককালীন সাড়ে সাত হাজার টাকা এবং একটি স্বর্ণপদক দেয়া হয়। খবর তথ্য বিবরণীর।